

চ্যালেঞ্জ নিয়ে কাজ করতে চান কুয়েটের ভিসি

খুলনা প্রতিনিধি

১০ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ মাসুদ চ্যালেঞ্জ নিয়ে কাজ করতে চান। প্রতিষ্ঠানের জন্য সেই চ্যালেঞ্জ নিতে তার কোনো অসুবিধা নেই। কুয়েটে কেউ দুর্নীতি করেও পার পাবে না। গতকাল সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। কুয়েটের ভিসি হিসেবে যোগদানের পর সাংবাদিকদের সঙ্গে প্রথম মতবিনিময় সভায় ভিসি মুহাম্মদ মাসুদ বলেন, চ্যালেঞ্জ আমার কাছে কোনো বিষয় নয়, আমি চ্যালেঞ্জ নিয়ে কাজ করতে চাই। কারণ, আমি এই প্রতিষ্ঠানকে ভালোবাসি। আমি এই প্রতিষ্ঠানের ছাত্র, এই প্রতিষ্ঠানের শিক্ষক। এখানকার অনেকেই আমার ছাত্র, আমার শিক্ষক। সুতরাং, আমি ভালোবাসি বলেই চ্যালেঞ্জ নিয়ে এই প্রতিষ্ঠানের জন্য কাজ করব।